গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর
তেজগাঁও, ঢাকা-১২০৮।
www.dpp.gov.bd

নং-০৫.০৪.০০০০.০০৯.৩৪.০১২.২২/৪১৬৬

তারিখঃ ৩০ অগ্রহায়ণ ১৪২৯ / ১৫ ডিসেম্বর ২০২২

বিষয়ঃ জনপ্রশাসন মন্ত্রণালয়ের সিটিজেনস চার্টার (সেবা প্রদান প্রতিশ্রুতি) পরিবীক্ষণ কমিটির ২০২২-২০২৩ অর্থ বছরের ২য় সভার বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে।

সূত্রঃ জনপ্রশাসন মন্ত্রণালয়ের সিপিটি-৩ শাখার স্মারক নং-০৫.০০.০০০০.১৯৭.১৬.০০৪.২২.১৫৩ তারিখঃ ১৯/১০/২০২২খ্রিঃ।

উপর্যুক্ত বিষয়ে সূত্রস্থ স্মারকের পরিপ্রেক্ষিতে বিগত ১৬/১০/২০২২ তারিখে অনুষ্ঠিত জনপ্রশাসন মন্ত্রণালয়ের সিটিজেনস চার্টার (সেবা প্রদান প্রতিশ্রুতি) পরিবীক্ষণ কমিটির ২য় সভার সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন নিম্নরূপঃ-

ক্রমিক	সিদ্ধান্ত	বাস্তবায়ন অগ্রগতি
১.	মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রণীত মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থার সেবা প্রদান প্রক্রিয়া (সিটিজেনস চার্টার) প্রণয়ন সংক্রান্ত নির্দেশনা, ২০১৭ অনুসরণ করে বিদ্যমান সিটিজেনস চার্টারটি নিয়মিত হালনাগাদ করতে হবে।	সিটিজেনস চার্টার (২য় ত্রৈমাসিক) হালনাগাদ করা হয়েছে (পরিশিষ্ট-১)।
২.	ত্রৈমাসিক ভিত্তিতে সকল দপ্তর/সংস্থার পরিবীক্ষণ কমিটি পুনর্গঠন সংক্রান্ত অফিস আদেশ ও সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণের প্রতিবেদন (স্ক্রিনশটসহ), সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন নির্ধারিত সময়ের মধ্যে জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে এবং ওয়েবসাইটের নির্দ্দিষ্ট অংশে আপলোড করতে হবে।	সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটির পুনর্গঠন সংক্রান্ত অফিস আদেশ (পরিশিষ্ট-২) ও সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণের প্রতিবেদন (স্ক্রিনশটসহ) (পরিশিষ্ট-৩)। নির্দেশনা অনুযায়ী ওয়েবসাইটের নির্দ্দিষ্ট অংশে আপলোড করা হয়েছে।
৩.	আওতাধীন দপ্তর/সংস্থাসমূহ প্রদত্ত সেবা বিষয়ে দৈবচয়ন ভিত্তিতে সেবাগ্রহীতা নির্বাচন করে তাঁদের নিকট হতে প্রদত্ত সেবার বিষয়ে প্রতিক্রিয়া গ্রহণ করবে ও প্রাপ্ত ফলাফল সম্পর্কে পরবর্তী সভায় উপস্থাপন করবে।	সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তরের প্রদত্ত সেবার বিষয়ে ১৫-১২-২০২২খ্রিঃ তারিখের ফিডব্যাক সভাটি অনিবার্য কারন বশতঃ আগামী ২০-১২-২০২২ তারিখ অনুষ্ঠিত হবে। অনুষ্ঠিতব্য সভার কার্যবিবরণী পরবর্তীতে জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করা হবে এবং সেবাগ্রহীতাদের মতামত জনপ্রশাসন মন্ত্রণালয়ের পরবর্তী সভায় উপস্থাপন করা হবে।

২। বিষয়টি মহোদয়ের সদয় অবগতি ও পরবর্তী কার্যক্রমের জন্য নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

১৪/১২/২২

(মোঃ সাখাওয়াত হোসেন)
পরিচালক(অতিরিক্ত দায়িত্ব)
ফোনঃ ৫৫০৩০০২৮
ই-মেইলঃdirector@dpp.gov.bd

সিনিয়র সচিব
জনপ্রশাসন মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
দৃষ্টি আকর্ষণঃ যুগ্মসচিব, সিপি-৩ শাখা।

Resulation_Citizen Charter